তারিখ ... 09 APR 2016 ...
পৃষ্ঠা ... ৭ কলাম ... ২ ...

কালের কণ্ঠ

# বাংলাদেশি শিক্ষার্থীকে হত্যার দায়ে দুই তরুণের কারাদণ্ড

কালের কণ্ঠ ডেস্ক ▷

বাংলাদেশি শিক্ষার্থী তৌসিফ চৌধুরীকে হত্যার দায়ে কানাডায় দুই তরুণের কারাদণ্ড হয়েছে। গত বুধবার স্টিভেন কোজিইলোকে পাঁচ বছর ৬৬ দিন ও জন রাচকে সাড়ে তিন বছরের কারাদণ্ড দেন আদালত। দুজনই হত্যার কথা স্বীকার করেছে।

তৌসিফের (২৩) পরিবার সৌদি আরবে বাস করে। ২০০৮ সালে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়তে কানাডার রাজধানী অটোয়ায় 'কার্লেটন ইউনিভার্সিটি'তে ভর্তি হন তিনি। ২০১৪ সালের ২৭ নভেম্বর সকালে অটোয়ার এয়ারপোর্ট পার্কওয়ে ও ট্রানজিটওয়ে স্টেশনের মাঝামাঝি একটি জায়গায় তাঁর লাশ পাওয়া যায়। পাশে একটি হাতুড়িও পড়ে ছিল।

এ ঘটনায় গ্রেপ্তার করা হয় কোজিইলো ও রাচকে। তাদের বিরুদ্ধে হত্যা ও ডাকাতির অভিযোগ আনে পুলিশ। দুজনই আদালতে হত্যার ব্যাপারে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। সূত্র : সিবিসি নিউজ।